

## নকলের সঙ্গে জড়িত শিক্ষকদের এমপিওভুক্তি বাতিল করা হবে ॥ শিক্ষা প্রতিমন্ত্রী

টাক রিপোর্টার, ফরিদপুর ॥ শিক্ষা প্রতিমন্ত্রী আনম এহসানুল হক মিলন বলেছেন, পরীক্ষায় নকলের সঙ্গে জড়িত শিক্ষকদের এমপিওভুক্তি চিরদিনের মতো বাতিল করা হবে। নকলকারী ও নকল সরবরাহকারীর জন্য ব্যবস্থা হলেই জেল-জরিমানা। যে কোন মূল্যে নকলমুক্ত পরিবেশে স্কল পরীক্ষা গ্রহণের দৃঢ় অঙ্গীকারের কথা পুনর্বার করে শিক্ষা প্রতিমন্ত্রী বলেন, পবিত্র শিক্ষা প্রতিষ্ঠানে নকলবাজ, শিক্ষার্থীর প্রয়োজন নেই। নকল রোধে শিক্ষকদের সর্বাধিক নিরাপত্তা নিশ্চিত করতে তিনি এমআসন ও পুলিশকে নির্দেশ দেন।

৩০ ফেব্রুয়ারি সন্ধ্যায় ফরিদপুর শহরের কবি জসীম উদ্দীন হলে আনম এহসানুল হক মিলন বিশেষ অতিথির বক্তব্য রাখছিলেন। নকলবিরোধী এ সভায় প্রধান অতিথি ছিলেন মুর্শেদাবাদ জেলা প্রশাসক জালাল আহমেদের সভাপতিত্বে এ নকলবিরোধী সভায় বৃহত্তর ফরিদপুর অঞ্চলের জেলা প্রশাসক, পুলিশ সুপার, শিক্ষা ও শিক্ষক কর্মকর্তা, শিক্ষকসহ পরীক্ষা সংশ্লিষ্টরা অংশ নেন। নকলবিরোধী সভায় অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন ঢাকা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক জুনায়েদ হোসেন, রাজবাড়ীর জেলা প্রশাসক বিজন কান্তি সরকার, ফরিদপুর জিলা কলেজের প্রধান শিক্ষক নাঈমউদ্দিন আহমেদ, সদরপুর উপজেলার নির্বাহী কর্মকর্তা আজিজুল ইসলাম, সরকারী রাজেশ্বর কলেজের অধ্যক্ষ প্রফেসর এমএ জাদিদ, বাকীগঞ্জ ফাজিল মাদ্রাসার অধ্যক্ষ মাহমুদুল হাসান প্রমুখ।